

২০২৫

পঞ্চম সেমেস্টার

বাংলা — এম ডি সি

পত্র : MN-4

(বাংলা সাহিত্য : প্রবেশক পাঠ)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'সই কেবা শুনাইল' — এটি কোন পর্যায়ের পদ? পদটির কাব্যসৌন্দর্য্য বিচার করো। ১+১৪

অথবা

- (খ) 'মালতীবালা বালিকা বিদ্যালয়' কবিতায় কবি জয় গোস্বামী একটি সাধারণ মেয়ের জীবনে প্রেমের যে পরিণতি দেখিয়েছেন, তার স্বরূপ আলোচনা করো। ১৫

- ২। (ক) 'অভাগীর স্বর্গ' গল্পটিতে লেখক শরৎচন্দ্র চট্টোপাধ্যায় যে সমাজ-বাস্তবতার ছবি তুলে ধরেছেন, তার স্বরূপ আলোচনা করো। ১৫

অথবা

- (খ) ময়নার মা 'হারানের নাতজামাই' গল্পে সর্বাপেক্ষা জীবন্ত চরিত্র।— মন্তব্যটির সমীচীনতা বিচার করো। ১৫

- ৩। (ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনটির নামকরণের সার্থকতা বিচার করো। ১৫

অথবা

- (খ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনটিতে নবকুমার চরিত্রের ভূমিকা কী, প্রহসনটির মূল বিষয়বস্তু আলোচনা করে দেখাও। ১৫

- ৪। (ক) "হিন্দু না ওরা মুসলিম? ওই জিজ্ঞাসে কোন জন?"
— কোন্ কবিতার অংশ? কবি কে? কবি এই প্রশ্ন কেন করেছেন, তা লেখো। ১+১+৩

অথবা

- (খ) "পর্বত চাহিল হতে বৈশাখের নিরুদ্দেশ মেঘ।" — কবি এবং কাব্যগ্রন্থের নাম উল্লেখ করে উদ্ধৃতাংশের ব্যাখ্যা করো। ১+১+৩

Please Turn Over

(4020)

- ৫। (ক) “অন্দরের মধ্যে হট্টগোল শুনিয়া রায় বাহাদুর বুঝিলেন যুদ্ধ অনিবার্য।” — কোন গল্পের অংশ? যুদ্ধের অনিবার্যতার কারণ নির্দেশ করো। ১+৪

অথবা

- (খ) “আপনার ‘ফাইলে’ মানুষদের মধ্যে থেকে তাঁর নামটা কেটে দিতে হবে। তিনি তো মানুষ নন, তিনি যে ভগবান।” — কে, কার সম্পর্কে একথা বলেছে? একথা বলার কারণ কী ছিল? ১+১+৩

- ৬। (ক) ‘একেই কি বলে সভ্যতা’ গ্রন্থে প্রহসনটিতে কর্তামশায় চরিত্রের ভূমিকা কী? ৫

অথবা

- (খ) “আমরা সুপারিস্টিশনের শিকলি কেটে সভ্য হয়েছি।” — এটি কার উক্তি? উক্তিটির মর্মার্থ লেখো। ১+৪

- ৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

- (ক) “কে না বাঁশী বাএ বড়ায়ি” — এখানে ‘বাএ’ শব্দের অর্থ কী?
- (খ) “এ সখি হামারি দুখের নাহি ওর” — পদটির পদকর্তা কে?
- (গ) “পরধন লোভে মত্ত” — ‘পরধন’ কী?
- (ঘ) “শাস্ত্রত রাত্রির বুকে সকলই অনন্ত সূর্যোদয়।” — এটি কোন্ কবিতার অংশ?
- (ঙ) “যা নিম খাওয়ালে চিনি বলে কথায় করে ছলো।” — পদটির পদকর্তা কে?
- (চ) “বামন চিনি পৈতা প্রমাণ, বামনী চিনি কিসে রে।” — কবিতার নাম লেখো।
- (ছ) চন্দরার স্বামীর নাম কী?
- (জ) “বউ গেলে বউ পাইব, কিন্তু আমার ভাই ফাঁসি গেলে তো আর ভাই পাইব না” — কোন্ গল্পে, এটি কার উক্তি?
- (ঝ) “আরে! ইয়ে মিয়ে লিয়ে সাহাব যে! নমস্তে!” — এটি কার উক্তি?
- (ঞ) অভাগীর স্বামীর নাম কী?
- (ট) বংশলোচন বাবুর স্ত্রীর নাম কী?
- (ঠ) লক্ষ্মণ কী কী চিবিয়ে খেয়ে ফেলে?
- (ড) জগমোহন কে?
- (ঢ) পুলিশের সঙ্গে হারানের বাড়িতে কে কে এসেছিল?
- (ণ) “আমার সোনার নবকে কে কি খাওয়ালে গা।” — এটি কার উক্তি?